Living the Lotus

10
2022

VOL. 205

Buddhism in Everyday Life

Founder's Reflections

দৈনন্দিন জীবনকে পরিপাটি করার অনুশীলন

ধর্ম বিশ্বাসীরা, প্রথমে প্রতিদিন বুদ্ধের আসনের সামনে বসে সকাল-সন্ধ্যা প্রার্থনা করার অভ্যাস গড়ে তোলেন। গোমেইনিচি বা বিশেষ দিন ক্যওকাই এর অনুষ্ঠানে এবং হোজায় অংশগ্রহন করে থাকেন। এভাবে নিজেকে বুদ্ধের শিক্ষার আলোকে পরিচালনা করতে পারলে জীবনের সবকিছু "ধর্মানুশীলন" এ পরিণত হবে। ধর্মানুশীলন মানে আচরনকে বুঝানো হয়েছে। দৈনন্দিন জীবনে একটু একটু করে বুদ্ধের শিক্ষার আলোকে নিজেকে পরিচালনা করায় হচ্ছে, সাধারণ গৃহী বৌদ্ধদের ধর্মানুশীলন বলে মনে করি।

শুধুমাত্র জ্ঞান ধারণের মাধ্যমে আপনি বৌদ্ধধর্ম বুঝতে সক্ষম হবেন তা কিন্তু নয়, যেমন গল্ফ এ পারদর্শী হতে চাইলে আপনি যদি ভাবেন, শুধুমাত্র গল্ফ সম্পর্কিত বই পড়ে গল্ফ খেলতে পারবেন, শুধুমাত্র একটি নির্দেশিকা বই পড়ে, বাদ্যযন্ত্র বাজাতে পারবেন, তা যেমন কোনভাবেই সম্ভব নয়, এই ধরনের চিন্তাধারার লোক কেউ নেই বলে মনে করি। ঠিক একইভাবে বৌদ্ধধর্মেও ধর্মানুশীলনের কোনো বিকল্প নেই।

ধর্ম জ্ঞান শুধুমাত্র শিক্ষা লাভের জন্য নয়, এটি আমাদেরকে কীভাবে বাঁচতে হবে তা শিক্ষা দেয়। একটা শিক্ষা সম্পর্কে জানতে পারলে, তা সঠিকভাবে অনুশীলন করার মাধ্যমে আত্মস্থ করা আবশ্যক। সেই ধর্মানুশীলনকে দিকপাল করার মতো কেউ থাকলে, তা অধিকতর সহজ হয়ে উঠে। তাই সংঘবন্ধুদের আর্শীবাদে ধর্মানুশীলন আরো খাটি হয়ে থাকে।

From Kaisozuikan 9 (Kosei Publishing Co.)

রিস্সো কোসেই-কাই ১৯৩৮ সালে প্রতিষ্ঠা লাভ করে। এই সংস্থার প্রতিষ্ঠাতা নিক্কিয়ো নিওয়ানো এবং সহ-প্রতিষ্ঠাতা মিয়োকো নাগানুমা। এই সংস্থা হলো সদ্ধর্ম পুণ্ডরীক সূত্রকে পবিত্র মূল ধর্মগ্রন্থ হিসেবে নেয়া একটি গৃহী বৌদ্ধ ধর্মীয় সংস্থা। পরিবার, কর্মস্থল তথা সমাজের প্রতি ক্ষেত্রে ধর্মানুশীলনেরত শান্তিকামি মানুষের সম্মিলনের স্থান হলো এই রিস্সো কোসেই-কাই।

বর্তমানে, সম্মানিত প্রেসিডেন্ট নিচিকো নিওয়ানোর নেতৃত্বে, অনুসারীরা সকলে একজন বৌদ্ধ ধর্মাবলম্বী হিসেবে, বৌদ্ধ ধর্মের প্রচার ও প্রসারে আত্ম-নিবেদিত। নানা ধর্মীয় সংস্থা থেকে শুরু করে, সমাজের নানাস্তরের মানুষের সাথে হাতে-হাত রেখে, বিশ্বব্যাপি নানা শান্তিমূলক কর্মকান্ড পরিচালনা করে যাচ্ছে এই সংস্থা।

Living the Lotus
Vol. 205 (October 2022)

Senior Editor: Keiichi Akagawa
Editor: Kensuke Osada
Copy Editors: Catherine Szolga

Living the Lotus is published monthly by Rissho Kosei-kai International,

Fumon Media Center, 2-7-1 Wada, Suginami-ku, Tokyo 166-8537, Japan.
TEL: +81-3-5341-1124
FAX: +81-3-5341-1224
Email: living.the.lotus.rk-international@kosei-kai.or.jp

লিভিং দ্যা লোটাস (সদ্ধর্ম পুণ্ডরীক সূত্রের আদর্শ নিয়ে বাঁচা～দৈনন্দিন জীবনে বৌদ্ধ ধর্মের প্রয়োগ) শিরোনামের মধ্যে দৈনন্দিন জীবনে সদ্ধর্ম পুণ্ডরীক সূত্রের শিক্ষাকে প্রতিপালন করে, কর্দমাক্ত মাটিতে প্রস্ফুঠিত পদ্ম ফুলের ন্যায় উন্নত মূল্যবান জীবনের অধিকারী হওয়ার কামনা সন্নিবেশিত। এই সাময়িকীর মাধ্যমে বিশ্ববাসীর কাছে দৈনন্দিন জীবনোপযোগী তথাগত বুদ্ধের দেশিত নানা গুরুত্বপূর্ণ শিক্ষা ইন্টারনেট সহযোগে সকলের মাঝে ছড়িয়ে দিতে আমরা বদ্ধপরিকর।

দুঃখ-যন্ত্রণা সৃষ্টির উৎস সম্পর্কে জানা - প্রজ্ঞা (১)

নিচিকো নিওয়ানো
প্রেসিডেন্ট, রিস্সো কোসেই-কাই।

বুদ্ধের প্রজ্ঞায় নিজেকে প্রজ্ঞায়িত করা

"খেলার ছলে পাথর কুড়ানো সময়, অতি ছোট ছোট বলি। ভোরবেলা পরিচ্ছন্নতা করার সময়, একই পাথরকে বিশাল বিশাল বলে দেই গালি।" এই বাক্যাংশটি হলো আমার নিজের লেখা বই "মন জমিনের চাষ" এ তুলে ধরা "খেলার মাঠ" নামক একটি কবিতার উদ্ধৃতি। ষষ্ঠ পারমিতার "প্রজ্ঞা" বলতে কি বুঝায় এ ব্যাপারে চিন্তা করতে গিয়ে দেখলাম, প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর শিক্ষার্থীর লেখা এই কবিতাটিতে সকল মানুষের বোঝার উপযোগী গুরুত্বপূর্ণ শিক্ষা অন্তর্নিহিত রয়েছে। সেই অর্থে আমি চাই যে, উক্ত বিষয়টি প্রথমত মস্তিস্কের এক কোণে ধারণ করে রাখুন।

বৌদ্ধ ধর্ম মতে "প্রজ্ঞা" হলো, "অনিত্য এর সত্যকে অন্তর্দৃষ্টি দিয়ে দেখার ক্ষমতাসম্পন্ন জ্ঞানের শক্তি।" ইওয়ানামি বৌদ্ধ ধর্মীয় অভিধানে দেখা যায় যে, "বৌদ্ধ ধর্মে নির্দেশিত শুন্যতা ইত্যাদি সত্য অনুসারে, সঠিকভাবে বিষয়বস্তুকে উপলব্ধি করার কিংবা বিচার করার ক্ষমতাকে বুঝানো হয়েছে।" 'এটি ষষ্ঠপারমিতার মধ্যে একটি।' সানসেইদো বুক্স এর প্রকাশিত জাপানি অভিধান 'দাইজিরিন' এর মধ্যেও অনুরূপ ব্যাখ্যা রয়েছে। সংক্ষেপে বললে "প্রজ্ঞা" হলো, "অনিত্য আর শুন্যতার সত্যকে উপলব্ধি করার ক্ষমতা" বা "সত্য আর যুক্তির উপর ভিত্তি করে, সঠিকভাবে বিচার করতে পারার মতো মনের কার্যকারীতা" এরূপ একটা বিষয়। কিন্তু, এই কঠিন "প্রজ্ঞা" শব্দটি আমরা সংঘ (একই ধর্মবিশ্বাসী বন্ধু) এর আলাপচারিতার মাঝেও অনেক সময় ব্যবহার করে থাকি।

আমাদের বেদনাদায়ক কষ্টের কথা যারা সহানুভূতি সহকারে শ্রবণ করেন এমন মানুষের কাছ থেকে "চলো, বুদ্ধের প্রজ্ঞা লাভ করার মতো ধর্মানুশীলনে আত্মোনিয়োগ করি" এরূপ উৎসাহ লাভ করা বা "বুদ্ধের প্রজ্ঞা লাভ করলে কষ্ট থেকে পরিত্রাণ পাবে" এইরূপ অনুপ্রেরণা লাভ করেছেন এমন অভিজ্ঞতা সবার আছে নিশ্চয়ই।

যাইহোক, "প্রজ্ঞা" বিষয়টি কি, বুদ্ধের কাছ থেকে প্রাপ্ত হওয়া বা গ্রহণ করার মতো কোনো বিষয়?

তথাগত বুদ্ধের উপলব্ধ সত্য-ধর্মকে অনুধাবনপূর্বক, সেই সত্যের উপর ভিত্তি করে বিষয়বস্তুকে বিচার করার অর্থে, বুদ্ধের প্রতি শ্রদ্ধা নিবেদন ও কৃতজ্ঞতা জ্ঞাপনের মনোভাবাপন্ন হয়ে, বুদ্ধের কাছ থেকে "প্রজ্ঞা লাভ করা" বলা হয়ে থাকে বলে মনে করি। বস্তুত, এটি শাক্যমুনি বুদ্ধ প্রদান করে থাকেন এমন কোনো বিষয় নয় বরং, "নিজের মধ্যেই যে সত্য ধর্মকে উপলব্ধি করা এবং বিচার করার মতো ক্ষমতা তথা প্রজ্ঞা অন্তর্নিহিত আছে" বিষয়টি অনুধাবন করে, সেই "প্রজ্ঞা" কে দৈনন্দিন জীবনে প্রয়োগ করার বিষয়টিই মূলতঃ বুদ্ধের অনুসারী আমাদের জন্য "প্রজ্ঞা লাভ করা" ছাড়া আর কিছু নয়।

আসক্তিকে নিয়ন্ত্রণ করা

যাহোক, বুদ্ধ কেন “প্রজ্ঞা”কে গুরুত্বপূর্ণ বলে বলেছেন? শাক্যমুনি বুদ্ধের অমৃতময় ধর্মবাণী সংগৃহীত সূত্রনিপাত গ্রন্থে পরিভাষিত নিম্নোক্ত শ্লোকের দিকে দৃষ্টিপাত করলে “প্রজ্ঞা” এর গুরুত্ব কিছুটা উপলব্ধিতে আসবে বলে মনে করি।

“কামভোগ প্রার্থনাকারীর কামনা (বস্তুকাম) পূর্ণ হইলে, মানুষ ঈপ্সিত বিষয় (পঞ্চকামগুণ) লাভ করিলে অবশ্যই তার মন প্রীত হয়।” কিন্তু, “সেই কামভোগ প্রার্থনাকারীর, কামচ্ছন্দ উৎপন্নকারী ব্যক্তির সেই কামবস্তু বা বিষয় পরিহীন (ক্ষয়) হইলে শল্যবিদ্ধ ব্যক্তির ন্যায় ব্যথিত হয়।” অন্য কথায়, “জগতে নানা ধরণের দুঃখ-কষ্ট আসক্তি থেকে উৎপন্ন হয়।” (উপরোক্ত “বুদ্ধের অমিয় বানী” হাজিমে নাকামুরা/ইওয়ানামি গ্রন্থাগার কর্তৃক অনুবাদিত)।

তাই, কামনাবাসনা আর আসক্তিকে নিয়ন্ত্রণকারী “প্রজ্ঞা” যদি কাজ করে তবে, দুঃখ-বেদনা আপনা হতেই দূর হয়ে যাবে। শুরুতে উল্লেখিত কবিতাটি আরেকবার মনে করার চেষ্টা করুন। স্বভাবত আমরা, একই খেলার মাঠ হওয়া সত্ত্বেও, “খেলা করার সময়, ছোট ছোট” এই বলে নালিশ করি, আর “পাথর কুড়ানোর সময়, বিশাল বিশাল” এই বলে অসন্তোষ প্রকাশ করি, এরূপ “নিজের ইচ্ছানুযায়ী করার” মতো আত্মকেন্দ্রীক মনোভাব আমাদের মধ্যে রয়েছে, আর সেটাই দুঃখ-যন্ত্রণা সৃষ্টির উৎসে পরিণত হয়।

এ ব্যাপারে শাক্যমুনি বুদ্ধ, কামনাবাসনা আর আসক্তিকে নিয়ন্ত্রণকারী “প্রজ্ঞা” কে উপলব্ধি করার জন্য সুস্পষ্ট নির্দেশনা দান করেছেন। “নিজের দাম্ভিকতাপূর্ণ দৃষ্টিভঙ্গি পরিহার করে, জগত সংসার এর শুন্যতাকে পরিদর্শন করা”র কথা বলেছেন।

কিন্তু, “শুন্যতা” কথাটি বললে, এটি আরও কঠিন বলে মনে হয়। অতএব “শুন্যতা” সম্পর্কে পরবর্তী সংখ্যায় আরও কিছুটা বিশদভাবে শিক্ষা নেয়ার আশা রাখি। সংক্ষেপে, আসুন আমরা আমাদের স্বার্থপর চিন্তাভাবনা এবং পরিস্থিতির উপর ভিত্তি করে “ছোট” কিংবা “বড়” বলে মূল্যায়ন করা আর বিচার করার মনোভাব ত্যাগ করি। বাস্তবতাকে অকপটে স্বীকার করার চেষ্টা করি।

এভাবে নিজের সহজাত “প্রজ্ঞা” কে ব্যবহার করে, শরতের নির্মল আকাশের মতো সতেজ অনুভূতি নিয়ে, অন্যদের প্রতি সহানুভূতি পরায়ন হয়ে, আসুন বোধিসত্ত্বের পথে আত্মবিশ্বাসের সাথে এগিয়ে যাই।

From *Kosei*, October 2022.

কার্টুন রিস্সো কোসেই-কাই প্রবেশিকা

শাক্যমুনি বুদ্ধের জীবনী এবং বৌদ্ধ ধর্মের শিক্ষা

শাক্যমুনি বুদ্ধের দশজন প্রধান শিষ্য (২)

দিব্যচক্ষু বলে খ্যাত, সবকিছু দেখার ক্ষমতা সম্পন্ন ছিলেন ভিক্ষু অনিরুদ্ধ, আর উপালি ছিলেন শীলের ধারক, শাক্যমুনি বুদ্ধের পরিনির্বাণের পর ধর্মবাণী সংগ্রহের উদ্দেশ্যে অনুষ্ঠিত "প্রথম বৌদ্ধ সঙ্গীতি" তে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

এবং, আনন্দ ছিলেন শাক্যমুনি বুদ্ধের প্রধান সেবক, বুদ্ধের প্রজ্ঞাপ্ত ধর্মশিক্ষা সবচেয়ে বেশি শ্রবন করেছেন বিধায় তাঁকে বহুশ্রুত উপাধিতে আখ্যায়িত করা হয়। শাক্যমুনি বুদ্ধের প্রকৃত পুত্র রাহুলকে গোপনে ধর্মানুশীলনকারীদের মধ্যে অন্যতম বলা হয়। ধর্মানুশীলনে তিনি কখনো কোনো অবহেলা করতেন না। মহাকাশ্যপ ধুতাঙ্গশীল কঠোরভাবে অনুশীলনকারী একজন শিষ্য, যিনি বুদ্ধের কাছ থেকে চীবর লাভ করেছিলেন।

পাদটিকা

"দিব্যচক্ষু" হলো দৈবশক্তিগুলির মধ্যে একটি, কেবলমাত্র বস্তুগত জিনিস নয়, অতীত, বর্তমান এবং ভবিষ্যত দেখার মতো অসাধারণ ক্ষমতা। "বহুশ্রুত" হলো শাক্যমুনি বুদ্ধের শিক্ষা অনেক বেশি শ্রবণ ও অনুধাবন করার অর্থে ব্যবহৃত।

※ ব্যক্তিগত ব্যবহার, অনুমতি ব্যতিত অনুলিপি তৈরী কিংবা পুনঃমুদ্রণ না করার জন্য অনুরোধ রইল

এই পৃথিবী "কার্যকারণ" দ্বারা গঠিত

শাক্যমুনি বুদ্ধ জরা-ব্যাধি ও মৃত্যুর ভয় নিরসণের উপায় অনুসন্ধানে গৃহত্যাগ করে তপস্যা চালিয়ে যাওয়ার ফলশ্রুতিতে আত্মজ্ঞান তথা বুদ্ধত্ব লাভ করতে সক্ষম হয়েছিলেন। এই আত্মজ্ঞানকে বলা হয় "কার্যকারণ"।

কার্যকারণ নীতি হলো, "সকল বিষয়বস্তু মূলতঃ নির্দিষ্ট কোনো কারণ (হেতু) এর সাথে যখন কোনো নির্দিষ্ট উপাদান (প্রত্যয়) এর মিলন হয় তখন এর মাধ্যমে (ফল) সৃষ্টি হয়।

উদাহরণস্বরূপ, ফুলের বীজ যখন মাটি, পানি ও সূর্য কিরণ ইত্যাদি উপাদানের সংস্পর্শে আসে তখন ইহা অঙ্কুরিত হয়। তাছাড়া, ফুল ফোটার পর পোকামাকড় আসার মাধ্যমে পরাগায়ন হয়, তাই ফুল থেকে ফলে পরিণত হয়।

বিপরীতভাবে, ফুলের বীজ থাকা সত্ত্বেও উপাদানগুলি পূরণ না হলে বীজ অঙ্কুরিত হবে না, এবং পরাগায়ন না হলে ফলও পাওয়া যাবে না।

অনুরূপভাবে, আমাদের উদ্বেগ এবং দুঃখ-কষ্টের কারন ও উপাদানগুলিকে নির্মূল করার মাধ্যমে, উদ্বেগ এবং দুঃখ-কষ্ট দূর করতে পারার বিষয়টি এখানে শিক্ষা দেয়া হয়েছে।

শাক্যমুনি বুদ্ধের দেশিত এই "কার্যকারণ নীতি"র শিক্ষাকে আমরা যদি সঠিকভাবে বুঝতে পারি এবং দৃঢ়ভাবে হৃদয়ে ধারণ করতে পারি তবে, আমরা সর্বদা শান্তিপূর্ণ মনের অধিকারী হতে পারবো।

Rissho Kosei-kai: A Global Buddhist Movement



Rissho Kosei-kai Buddhist Church of Hawaii
2280 Auhuhu Street, Pearl City, HI 96782, USA
TEL: 1-808-455-3212 FAX: 1-808-455-4633
Email: sangha@rkhawaii.org URL: https://rkhawaii.org

Rissho Kosei-kai Maui Dharma Center
1809 Nani Street, Wailuku, HI 96793, USA
TEL: 1-808-242-6175 FAX: 1-808-244-4625

Rissho Kosei-kai Kona Dharma Center
73-4592 Mamalahoa Highway, Kailua-Kona, HI 96740, USA
TEL: 1-808-325-0015 FAX: 1-808-333-5537

Rissho Kosei-kai Buddhist Center of Los Angeles
2707 East First Street, Los Angeles, CA 90033, USA
TEL: 1-323-269-4741 FAX: 1-323-269-4567
Email: info@rk-la.org URL: https://www.rk-la.org

Please contact Rissho Kosei-kai Buddhist Center of Los Angeles
Rissho Kosei-kai Buddhist Center of Arizona
Rissho Kosei-kai Buddhist Center of Colorado
Rissho Kosei-kai Buddhist Center of San Diego
Rissho Kosei-kai Buddhist Center of Las Vegas
Rissho Kosei-kai Buddhist Center of Dallas

Rissho Kosei-kai of San Francisco
(Address) 1031 Valencia Way, Pacifica, CA 94044, USA
(Mail) POBox 778, Pacifica, CA 94044, USA
TEL: 1-650-359-6951 Email: lotusbuddhist@gmail.com
URL: https://sf-buddhism.org

Please contact Rissho Kosei-kai of San Francisco
Rissho Kosei-kai of Sacramento

Rissho Kosei-kai of New York
320 East 39th Street, New York, NY 10016, USA
TEL: 1-212-867-5677 Email: rkny39@gmail.com URL: https://rk-ny.org

Rissho Kosei-kai of Chicago
1 West Euclid Ave., Mt. Prospect, IL 60056, USA
TEL: 1-773-842-5654
Email: rkchicago@rkchi.org URL: http://rkchi.org

Rissho Kosei-kai of Fort Myers
Email: rkftmyersbuddhism@gmail.com URL: https://rkftmyersbuddhism.org

Rissho Kosei-kai Dharma Center of Oklahoma
(Address) 2745 N.W. 40th St., Oklahoma City, OK 73112, USA
(Mail) POBox 57138, Oklahoma City, OK 73157, USA
TEL: 1-405-943-5030 FAX: 1-405-943-5303
Email: dharmacenter@rkok-dharmacenter.org
URL: https://rkok-dharmacenter.org

Rissho Kosei-kai Dharma Center of Denver
1255 Galapago St. #809, Denver, CO 80204, USA
TEL: 1-303-446-0792

Rissho Kosei-kai Dharma Center of Dayton
617 Kling Drive, Dayton, OH 45419, USA
URL: http://www.rkina-dayton.com

The Buddhist Center Rissho Kosei-kai International of North America (RKINA)
2707 East First St., Suite #1, Los Angeles, CA 90033, USA
TEL: 1-323-262-4430 FAX: 1-323-269-4567
Email: info@rkina.org
URL: https://www.buddhistcenter-rkina.org

Rissho Kosei-kai Buddhist Center of San Antonio
(Address) 6083 Babcock Road, San Antonio, TX 78240, USA
(Mail) POBox 692148, San Antonio, TX 78249, USA
TEL: 1-210-558-4430 FAX: 1-210-696-7745
Email: dharmasa@rksabuddhistcenter.org
URL: https://rksabuddhistcenter.org

Rissho Kosei-kai of Seattle
28621 Pacific Highway South, Federal Way, WA 98003, USA
TEL: 1-253-945-0024 Email: rkseattlewashington@gmail.com
URL: https://www.buddhistlearningcenter.org

Rissho Kosei-kai of Vancouver
Please contact RKINA

Risho Kossei-kai do Brasil
Rua Dr. José Estefno 40, Vila Mariana, São Paulo-SP, CEP 04116-060, Brasil
TEL: 55-11-5549-4446, 55-11-5573-8377
Email: risho@rkk.org.br URL: http://rkk.org.br
Facebook: https://www.facebook.com/rishokosseikaidobrasil
Instagram: https://www.instagram.com/rkkbrasil

在家佛教韓国立正佼成会　Korean Rissho Kosei-kai
〒 04420 大韓民国 SEOUL 特別市龍山區漢南大路 8 路 6-3
6-3, 8 gil Hannamdaero Yongsan gu, Seoul, 04420, Republic of Korea
TEL: 82-2-796-5571　　FAX: 82-2-796-1696

在家佛教韓国立正佼成会釜山支部
Korean Rissho Kosei-kai of Busan
〒 48460 大韓民国釜山廣域市南區水營路 174, 3F
3F, 174 Suyoung ro, Nam gu, Busan, 48460, Republic of Korea
TEL: 82-51-643-5571　　FAX: 82-51-643-5572

社團法人在家佛教立正佼成會　Rissho Kosei-kai of Taipei
台湾台北市中正區衡陽路 10 號富群資訊大厦 4 樓
4F, No. 10, Hengyang Road, Jhongjheng District, Taipei City 100, Taiwan
TEL: 886-2-2381-1632, 886-2-2381-1633　　FAX: 886-2-2331-3433

台南市在家佛教立正佼成會　Rissho Kosei-kai of Tainan
台湾台南市東區崇明 23 街 45 號
No. 45, Chongming 23rd Street, East District, Tainan City 701, Taiwan
TEL: 886-6-289-1478　　FAX: 886-6-289-1488
Email: koseikaitainan@gmail.com

Rissho Kosei-kai South Asia Division
Thai Rissho Friendship Foundation
201 Soi 15/1, Praram 9 Road, Bangkapi, Huaykhwang, Bangkok 10310, Thailand
TEL: 66-2-716-8141

Rissho Kosei-kai of Kathmandu
Ward No. 3, Jhamsikhel, Sanepa-1, Lalitpur, Kathmandu, Nepal

Rissho Kosei-kai Society of Kolkata
89 Srirampur Road (VIP), Garia, Kolkata 700084, India

Rissho Kosei-kai of Kolkata North
AE/D/12 Arjunpur East, Teghoria, Kolkata 700059,
West Bengal, India

Rissho Kosei-kai of Bodhgaya
Ambedkar Nagar, West Police Line Road, Rampur, Gaya-823001,
Bihar, India

Rissho Kosei-kai of Patna
Please contact Rissho Kosei-kai Society of Kolkata

Rissho Kosei-kai of Delhi
77 Basement D.D.A. Site No. 1, New Rajinder Nagar,
New Delhi 110060, India

Rissho Kosei-kai of Singapore
Please contact Rissho Kosei-kai International

Rissho Kosei-kai of Phnom Penh
W.C. 73, Toul Sampaov Village, Sangkat Toul Sangke, Khan Reouseykeo,
Phnom Penh, Cambodia

Rissho Kosei-kai International of South Asia (RKISA)
Thai Rissho Friendship Foundation
201 Soi 15/1, Praram 9 Road, Bangkapi, Huaykhwang, Bangkok 10310, Thailand
TEL: 66-2-716-8141

Rissho Kosei-kai of Bangkok
Thai Rissho Friendship Foundation
201 Soi 15/1, Praram 9 Road, Bangkapi, Huaykhwang, Bangkok 10310, Thailand
TEL: 66-2-716-8216　　Email: info.thairissho@gmail.com

Rissho Kosei Dhamma Foundation
No. 628-A, Station Road, Hunupitiya, Wattala, Sri Lanka
TEL: 94-11-2982406　　FAX: 94-11-2982405

Rissho Kosei-kai of Polonnaruwa
Please contact Rissho Kosei Dhamma Foundation

Rissho Kosei-kai Bangladesh
85/A Chanmari Road, Lalkhan Bazar, Chittagong, Bangladesh
TEL: 880-2-41360470

Rissho Kosei-kai Mayani
Mayani Barua Para, Mirsarai, Chittagong, Bangladesh

Rissho Kosei-kai Damdama
Damdama Barua Para, Mirsarai, Chittagong, Bangladesh

Rissho Kosei-kai Satbaria
Village: Satbaria Bepari Para, Chandanaih, Chittagong, Bangladesh

Rissho Kosei-kai Chendhirpuni
Village: Chendhirpuni, P.O.: Adhunogar, P.S.: Lohagara, Chittagong,
Bangladesh

Rissho Kosei-kai Raozan
Dakkhin Para, Ramzan Ali Hat, Raozan, Chittagong, Bangladesh

Rissho Kosei-kai Laksham
Village: Dhupchor, Laksham, Comilla, Bangladesh

Rissho Kosei-kai Dhaka North
Bashundhara R/A, Dhaka, Bangladesh

Rissho Kosei-kai Cox's Bazar
Ume Burmize Market, Tekpara, Sadar, Cox's Bazar, Bangladesh

Please contact Rissho Kosei-kai Bangladesh
Rissho Kosei-kai Patiya
Rissho Kosei-kai Ramu
Rissho Kosei-kai Aburkhil

Buddiyskiy khram "Lotos"
4 Gruzinski Alley, Yuzhno-Sakhalinsk 693005, Russia
TEL: 7-4242-77-05-14

Rissho Kosei-kai of Hong Kong
Flat D, 5/F, Kiu Hing Mansion, 14 King's Road, North Point, Hong Kong, China

Rissho Kosei-kai Friends in Shanghai
Please contact Rissho Kosei-kai International

Rissho Kosei-kai of Ulaanbaatar
(Address) 15F Express Tower, Peace avenue, khoroo-1, Chingeltei district,
Ulaanbaatar 15160, Mongolia
(Mail) POBox 1364, Ulaanbaatar-15160, Mongolia
TEL: 976-70006960　　Email: rkkmongolia@yahoo.co.jp

Rissho Kosei-kai of Erdenet
Please contact Rissho Kosei-kai International

Rissho Kosei-kai di Roma
Via Torino, 29, 00184 Roma, Italia
TEL/FAX: 39-06-48913949　　Email: roma@rk-euro.org

Please contact Rissho Kosei-kai di Roma
Rissho Kosei-kai di Venezia
Rissho Kosei-kai of Paris

Rissho Kosei-kai of the UK
29 Ashbourne Road, London W5 3ED, UK
TEL: 44-20-8933-3247　　Email: info@rkuk.org　　URL: https://www.rkuk.org
Facebook: https://www.facebook.com/rkuk.official
Twitter: https://twitter.com/rkuk_official
Instagram: https://www.instagram.com/rkuk_official
YouTube: ttps://www.youtube.com/c/rkuk_official

Rissho Kosei-kai International Buddhist Congregation (IBC)
〒 166-8537 東京都杉並区和田 2-7-1 普門メディアセンター 3F
Fumon Media Center 3F, 2-7-1 Wada, Suginami-ku, Tokyo 166-8537, Japan
TEL: 03-5341-1230　　FAX: 03-5341-1224　　URL: https://www.ibc-rk.org

Published by Rissho Kosei-kai International